# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ১৮৯৭

৫. হজ্জ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৪০. রমযান মাসে উমরাহ করার ফযীলত

بَاب فِي فَضْلِ الْعُمْرَةِ فِي رَمَضَانَ

### আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَقَ عَنْ عِيسَى بْنِ مَعْقِلِ بْنِ أَبِي مَعْقِلٍ الْأَسَدِيِّ أَسَدُ خُزَيْمَةَ حَدَّثَنِي يُوسُفُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ سَلَامٍ عَنْ جَدَّتِهِ أُمِّ مَعْقِلٍ قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عُمْرَةٌ فِي رَمَضَانَ تَعْدِلُ حَجَّةً

### বাংলা

১৮৯৭. উম্মু মা'কিল রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ রমযান মাসের একটি উমরা একটি হজ্জের সমতুল্য।[1]

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ জাইয়্যেদ (উত্তম)।

তাখরীজ: আবূ দাউদ, মানাসিক ১৯৮৯; আহমাদ ৬/৩০৫; তাবারানী, আল কাবীর ২৫/১৫৫; বাইহাকী, হাজ্জ ৪/৩৪৬ সহীহ সনদে; নাসাঈ, আল কুবরা নং ৪২২৬; তায়ালিসী ১/২০২ নং ৯৭৬; হাকিম ১/৪৮২; ইবনু খুযাইমা, আস সহীহ নং ৩০৭৫; এ সনদে জিহালাত ও ইরসাল রয়েছে মারওয়ান এর আগ থেকে উম্মু মা'কিল পর্যন্ত। তবে "আরউমরাহ" শব্দাবলীটুকু বাদে হাদীসটি সহীহ। কেননা, এ শব্দাবলী সহীহ সনদে বর্ণিত হয়নি। আল্লাহই সর্বাধিক অবগত।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উম্মু মা'কিল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82180

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন